



W B C L A

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XI,

January 2001 — December 2001

No. 1- 4

সম্পাদকীয়

বিগত দশক দুই ধরে পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতি, সক্রিয় প্রচেষ্টায়, কলেজ গ্রন্থাগারিকদের বেতনক্রম সংক্রান্ত সমস্যার সমাধানে সফলতা লাভ করেছে। যদিও ১৯৯৬ - এর বেতনক্রমের কিছুটা বৈষম্য এখনও রয়ে গেছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এ-সংখ্যায় এ বিষয়ে আলোকপাত করাও হয়েছে।

গ্রন্থাগারিকদের মূল সমস্যাগুলি যথা — পদমর্যাদা ও চাকুরীর শর্তাবলী প্রভৃতি সমাধান এয়াবৎ হয়নি। শিক্ষা দপ্তর এবং রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের কাছে সমিতির আবেদন নিবেদন প্রায় নিষ্ফল হয়েছে, কলকাতা বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারিকদের পদমর্যাদা এবং চাকুরীর শর্তাবলী বিষয়ে এককভাবে কোন সিদ্ধান্ত নেয়নি। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ভিন্ন ভিন্ন বিষয়ে ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে, মূল সমস্যা যেখানে ছিল প্রায় সেখানেই রয়ে গেছে। সমিতির তরফ থেকে অনুকূল উদ্যোগ নেওয়া হয়েছে। অচিরে সমস্যার সমাধান হবে আশা করি। তবে কতিপয় গ্রন্থাগারিক বন্ধুদের সহযোগিতার অভাব গত কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট নির্বাচনে লক্ষ্য করা গেছে। মাত্র দশ ভোটে জয় সমিতির কাম্য নয়। তাই সর্বস্তরের গ্রন্থাগারিকদের পেশার স্বার্থে সংঘবদ্ধ হওয়া প্রয়োজন, সমস্ত সমস্যার সমাধানের প্রশ্নে।

গ্রন্থাগার পরিচালনায় সমস্যা, কর্মী সমস্যা, গ্রন্থাগার পরিসেবায় সমস্যা, তৎসহ অন্যান্য সমস্যা আছে। সম্প্রতি অন্য একটি সমস্যার সৃষ্টি হয়েছে। তা হ'ল কলেজ গ্রন্থাগারগুলিতে শতাব্দীতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে (প্রথমে একবছর) গ্রন্থাগারিক ও সহ গ্রন্থাগারিক নিয়োগ। যদিও নিয়োগ পদ্ধতি ইউ.জি.সি শর্তানুযায়ী হচ্ছে না, এখনও কলেজ সার্ভিস কমিশনের আওতায় আনা হয়নি, পুরানো পদ্ধতিতেই চলছে। বিষয়টি উদ্বেগজনক। গ্রন্থাগারগুলির উদ্দেশ্য বিঘ্নিত হবেই। এ ধরণের নিয়োগ উচ্চশিক্ষার স্বার্থের পরিপন্থী সর্বস্তরের গ্রন্থাগারিক বন্ধু এবং উচ্চশিক্ষার সঙ্গে জড়িত সর্বস্তরের গুণীজনের কাছে আবেদন উক্ত পরিস্থিতির অনুকূল সমাধান না করা হলে, ভবিষ্যতে উচ্চশিক্ষায় গ্রন্থাগারগুলির গুরুত্ব হ্রাস পাবেই।